

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০১.২০১৫- ২২৪

তারিখঃ ২৪ .০১.১৪২২ বঙ্গাব্দ
২৭ .০৪.২০১৫ খ্রিস্টাব্দ


প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ মোহাম্মদ জলিলুর রহমান (৩৬০৯১), প্রাক্তন প্রভাষক, মাইক্রোবায়োলজি বিভাগ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা ০৬.১১.২০০৯খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতিকাল একনাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিক সময় অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ মোহাম্মদ জলিলুর রহমান (৩৬০৯১), প্রাক্তন প্রভাষক, মাইক্রোবায়োলজি বিভাগ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০৬.১১.২০১৪ তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।


(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

উপ-পরিচালক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০০১.২০১৫- ২২৪/৩ (৫)

তারিখঃ ২৭ .০৫.২০১৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।
- ৪। উপ-সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। ডাঃ মোহাম্মদ জলিলুর রহমান (৩৬০৯১), প্রাক্তন প্রভাষক, মাইক্রোবায়োলজি বিভাগ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা (যোগাযোগ ঠিকানাঃ নারায়ণগঞ্জ প্রধান ডাকঘর, পোস্ট বক্স নং-৩২, নারায়ণগঞ্জ)।


(রেহানা ইয়াছমিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৯.২০১৫- ২২৮

তারিখঃ ২৬.০৪.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ পূর্ণ চন্দ্র দাস (১৩২০২৯), সহকারী সার্জন, নাওডোবা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, জাজিরা, শরীয়তপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, ডাঃ পূর্ণ চন্দ্র দাস (১৩২০২৯), সহকারী সার্জন, নাওডোবা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, জাজিরা, শরীয়তপুর গত ২৭.০৮.২০১৪খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উপরোল্লিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ পূর্ণ চন্দ্র দাস (১৩২০২৯)

সহকারী সার্জন

নাওডোবা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, জাজিরা, শরীয়তপুর

(স্থায়ী ঠিকানাঃ- জগন্নাথদী, পোঃ-ক্যাসদী (৭৮৫০), উপজেলা-মধুখালী, জেলা-শরীয়তপুর)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৯.২০১৫- ২২৮/১(৩)

তারিখঃ ২৬.০৪.২০১৫ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপ-পরিচালক (শৃংখলা) (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিভিল সার্জন, শরীয়তপুর (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

(বেহানা ইয়াছমিন)


উপ-সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

ডাঃ পূর্ণ চন্দ্র দাস (১৩২০২৯), সহকারী সার্জন, নাওডোবা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, জাজিরা, শরীয়তপুর গত ২৭.০৮.২০১৪খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব